রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ২৭, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও নং-১৮৬-আইন/২০২৫।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতা বলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

(ক) উপরি-উক্ত বিধিমালার বিধি ২২ এর পর নিম্নরূপ নূতন বিধি ২২ক সন্নিবেশিত হইবে, যথা :—

"**২২ক। বিশেষ বিধান।**—(১) এই বিধিমালা বা আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালাতে যাহা কিছুই থাকুক না কেন, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, তফসিল-১ এর ক্রমিক (২), (৫) (খ), (৯), (১০) (খ), (১২), (১৩), (১৪), (১৫) (খ), (১৬), (১৯), (২০), (২১), (২৩), (২৪), (২৬) এবং (২৭ )(খ) তে উল্লিখিত সার্ভিস বা ক্যাডার পদসমূহে নিয়োগের জন্য বিশেষ বিসিএস পরীক্ষার আওতায় নিম্নবর্ণিত পরীক্ষার মাধ্যমে, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রার্থী সুপারিশ করিতে পারিবে, যথা :—

| | | | |
|---|---|---|---|
| (ক) | লিখিত পরীক্ষা | (MCQ type) | ২০০ নম্বর; |
| (খ) | মৌখিক পরীক্ষা | | ১০০ নম্বর; |
| | | সর্বমোট | ৩০০ নম্বর। |

(২) উপ-বিধি (১) এর দফা (ক) তে উল্লিখিত লিখিত পরীক্ষার বিষয়, মানবণ্টন, ন্যূনতম পাশ নম্বর এবং পরীক্ষা গ্রহণের সময় ও স্থান তফসিল-৩ অনুযায়ী পরিচালিত হইবে;

(৩) উপ-বিধি (১) এর দফা (ক) তে উল্লিখিত নিয়োগের ক্ষেত্রে বয়স, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এবং প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা ও শর্তের ক্ষেত্রে এই বিধিমালার অন্যান্য বিধানাবলি প্রযোজ্য হইবে;

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে "বিশেষ বিসিএস" অর্থ বিধি ২২ক এর অধীন গৃহীত কোনো বিসিএস পরীক্ষা"।

(খ) উপরি-উক্ত বিধিমালার তফসিল-২ এর পর নিম্নরূপ নূতন তফসিল-৩ সংযোজিত হইবে, যথা :—

**"তফসিল-৩**

[বিধি ২২(ক) দ্রষ্টব্য]

(ক) তফসিল-১ এর ক্রমিক (২), (৫) (খ), (৯), (১০) (খ), (১২), (১৩), (১৪), (১৫) (খ), (১৬), (১৯), (২০), (২১), (২৩), (২৪), (২৬) এবং (২৭) (খ) এ উল্লিখিত সার্ভিস বা ক্যাডার পদসমূহে বিশেষ বিসিএস পরীক্ষার আওতায় নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষার বিষয়, নম্বর এবং পরীক্ষা গ্রহণের সময় হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নম্বর | বিষয় | নম্বর বণ্টন | সময় |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | বাংলা | ২০ | ২ (দুই) ঘণ্টা |
| ২। | ইংরেজি | ২০ | |
| ৩। | বাংলাদেশ বিষয়াবলি | ২০ | |
| ৪। | আন্তর্জাতিক বিষয়াবলি | ২০ | |
| ৫। | মানসিক দক্ষতা | ১০ | |
| ৬। | গাণিতিক যুক্তি | ১০ | |
| ৭। | সংশ্লিষ্ট ক্যাডার এবং প্রযোজ্য ক্ষেত্রে পদের জন্য প্রাসঙ্গিক বিষয় | ১০০ | |
| | মোট | =২০০ | |

(খ) প্রতিটি MCQ প্রশ্নের সঠিক উত্তরের জন্য ১ (এক) নম্বর পাইবেন এবং ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন করা হইবে;

(গ) লিখিত পরীক্ষার পাশ নম্বর কমিশন কর্তৃক নির্ধারিত হইবে এবং উহা চূড়ান্ত হইবে;

(ঘ) মৌখিক পরীক্ষার ন্যূনতম পাশ নম্বর হইবে ৫০ (পঞ্চাশ);

(ঙ) লিখিত পরীক্ষা কেবল ঢাকায় অনুষ্ঠিত হইবে, তবে প্রার্থী সংখ্যা এবং পরিস্থিতি বিবেচনায় কমিশনের নিকট প্রয়োজনীয় প্রতীয়মান হইলে ঢাকার বাহিরে অন্যান্য কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা যাইবে"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মো: মোখলেস উর রহমান**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd